গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাব্যবস্থাপক, বিপণন বিভাগ

এবং

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)-এর

মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৪

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Regional/Zonal Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বাংলাদেশের বৃহত্তম দুগ্ধ উৎপাদনকারী প্রতিষ্ঠান মিল্কভিটা বর্তমান সরকারের বলিষ্ঠ নীতি ও যুগান্তকারী পদক্ষেপ দেশের পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচন কার্যক্রম পরিচালনায় নানামুখী সাফল্য অর্জন করছে। দুগ্ধ শিল্পে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সমবায় ব্যবস্থাপনায় এনে সমবায় ভিত্তিক দুগ্ধ উৎপাদনকারী সমিতি গড়ে তোলার মাধ্যমে দেশের সম্ভাব্য দুগ্ধ এলাকায় দরিদ্র ভূমিহীন, প্রান্তিক ও স্বল্পবিত্ত দুগ্ধ উৎপাদনকারী কৃষকদের সমবায়ের মাধ্যমে সুসংগঠিত করে তাদের স্বল্প সুদে গাভী ঋণ, উন্নত জাতের সিমেন, বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদান এবং দুগ্ধের ন্যায্য মূল্য নিশ্চিতকরণের মাধ্যমে দারিদ্র বিমোচন এবং তাদের জীবিকার উন্নয়নের লক্ষ্যে মিল্ক ইউনিয়ন কাজ করে যাচ্ছে। বিগত ৩ (তিন) বছরে দুগ্ধ উৎপাদনকারী সমবায় কৃষকদের মাঝে নিজস্ব তহবিল হতে ঋণ প্রদান করা হয়েছে প্রায় ৩০০.৪০ লক্ষ টাকা। সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়ার লাহিড়ীমোহনপুরে “গো-খাদ্য করাখানা” স্থাপন করা হয়েছে। এসব উদ্যেগের মাধ্যমে মিল্ক ইউনিয়নের কাঁচা তরল দুগ্ধ সংগ্রহ গত ৩ (তিন) বছরে দাড়িয়েছে কমবেশী ১৬৩৩.২২ লক্ষ লিটার । বিগত ০৩ (তিন) বৎসরের নীট মুনাফা অর্জিত হয়েছে কমবেশী ১৯২৪.০০ লক্ষ টাকা।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

মিল্কভিটা সূচনা লগ্ন থেকে তরল দুধ বিক্রির উপর নির্ভরশীল। মিল্কভিটা দেশের ৭টি বিভাগের ৩২টি জেলার ১৩২ টি উপজেলা হতে দুধ সংগ্রহ ও দেশের বিভাগীয় শহরসহ অন্যান্য জেলাসমূহে বাজারজাত করে। দেশের বৃহত্তর একটি অংশ এখনো মিল্কভিটার কার্যক্রমের আওতার মধ্যে আনা সম্ভব হয়নি। বাজারে অনেক বেসরকারী প্রতিষ্ঠান এসেছে,যাদের বিপণন কৌশল, বিজ্ঞাপণ ও প্রমোশনাল পলিসি মিল্কভিটার জন্য একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

বাংলাদেশের প্রতিটি অঞ্চলে মিল্কভিটার কার্যক্রম যথা : দুগ্ধ সংগ্রহ ও বিপণনের আওতায় আনা। জনসাধারণকে পাস্তুরিত তরল দুধ পানে উৎসাহিত করার কার্যক্রম গ্রহণ করা। সকল সরকারী প্রতিষ্ঠানে সরাসরি মিল্কভিটা দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য সামগ্রী ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা। চট্টগ্রামের পটিয়াতে (বর্তমানে কর্ণফুলি) ৩৭৬১.০০ লক্ষ টাকা ব্যয়ে একটি পূর্ণাঙ্গ দুগ্ধ কারখানা স্থাপনের কার্যক্রম এগিয়ে চলছে। এছাড়াও বিশ্বমানের গুঁড়োদুধ উৎপাদন করে দেশকে গুঁড়োদুধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করণের লক্ষ্যে ১০৫৯৩.২৩ লক্ষ টাকা ব্যয়ে “সিরাজগঞ্জ জেলার বাঘাবাড়ীঘাটে গুড়োঁ দুগ্ধ কারখানা স্থাপন প্রকল্প”, এবং লক্ষীপুর জেলার রায়পুরে ১৮২৪.৪৭ লক্ষ টাকা ব্যয়ে “মহিষের কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন” প্রকল্পের কাজ শেষ হয়েছে। ৩৪৪১৯.২৯ লক্ষ টাকা ব্যয়ে “বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চলে গবাদীপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমূখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন প্রকল্প”, ৩৩০৫২.৮৪ লক্ষ টাকা ব্যয়ে ”গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় মিল্কভিটা’র গবাদিপশুর ঔষধ কারখানা স্থাপন প্রকল্প”, এছাড়াও নীলফামারী জেলার জলঢাকা, ভোলা সদর, গোপালগঞ্জ জেলার কোটলীপাড়া, বাগেরহাট জেলার ফকিরহাট, কুষ্টিয়া জেলার কুমারখালী, রাজবাড়ী জেলার পাংশা এবং ঝালকাঠিতে নতুন দুগ্ধ শীতলীকরণ কারখানা স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হবে।

২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- কাঁচা তরল দুগ্ধ সংগ্রহ ৫০৫.০০ লক্ষ লিটারে উন্নীত করা;
- পাস্তুরিত তরল দুগ্ধ বিক্রয় ৪৪০.০০ লক্ষ লিটার করা;
- খামারীদের গাভী ক্রয়ের জন্য স্বল্প সুদে ২.৫৫ কোটি টাকার ঋণ প্রদান করা;
- কৃত্রিম প্রজননের মাধ্যমে খামারী ও কৃষক পর্যায়ে কৃত্রিম প্রজনন সেবার অংশ হিসেবে ১.২৫ লক্ষ ডোজ সিমেন বিনামূল্যে বিতরণ করা ;
- ১৬০.০০ লক্ষ টাকা টাকার ভ্যাকসিন ও ঔষধ বিনামূল্যে সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করা;
- গো-খাদ্য কারখানার উৎপাদিত গো-খাদ্যের পরিমাণ ৪০০০.০০ মে. টনে উন্নীত করা;
- ১১ মে. টন উন্নত জাতের অষ্ট্রেলিয়ান জাম্বু ঘাসের বীজ বিনামূল্যে খামারী পর্যায়ে সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা ;

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাব্যবস্থাপক, বিপণন বিভাগ

এবং

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)-এর মধ্যে ২০২২ সালের ফেব্রুয়ারী মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

দুগ্ধ উৎপাদন বৃদ্ধি করে দেশকে দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যে স্বয়ংসম্পূর্ণ করা।

১.২ অভিলক্ষ্য (Mission)

বাংলাদেশের ক্ষুদ্র, প্রান্তিক ও ভূমিহীন দুগ্ধ উৎপাদনকারী কৃষকদের সু-সংগঠিত করে তাদের আর্থ সমাজিক উন্নয়ন এবং দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য সামগ্রি উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণের মাধ্যমে দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. খাঁটি ও স্বাস্থ্যসম্মত দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের উৎপাদন, প্রকিয়াজাতকরণ ও বিপণন করা
২. মুজিব-বর্ষ কর্মপরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. পাস্তুরিত তরল দুধ এবং দুগ্ধজাত পণ্য প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ
২. বিপণনের মাধ্যমে আয় বৃদ্ধি করা

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা ২০২১-২২	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২২-২০২৩	২০২৩-২০২৪		
পাস্তুরিত তরল দুধ বিপণন	পাস্তুরিত তরল দুধের পরিমাণ	লিটার লক্ষ	৩৩১.৮৮	৪১৪.০০	৩৯৫.০০	৪১০.০০	৪৩০.০০	সমিতি বিভাগ, ঢকা দুগ্ধ কারখানা, বাঘাবাড়ীঘাট দুগ্ধ কারখানা, টেকেরহাট দুগ্ধ কারখানা	প্রাপ্ত তথ্যের সমষ্টি

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] খাঁটি ও স্বাস্থ্যসম্মত দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের উৎপাদন, প্রকিয়াজাতকরণ ও বিপণন করা	৬০	[১.১] পাস্তুরিত তরল দুধ বিপণন	[১.১.১] পাস্তুরিত তরল দুধের পরিমাণ	সমষ্টি	লিটার লক্ষ	৪০	৩৩১.৮৮	৪১৪.০০	৩৯৫.০০	৩০০.০০	২৫০.০০	২২০.০০	২০০.০০	৪১০.০০	৪৩০.০০
		[১.২] দুগ্ধজাত পণ্যের বিপণন	[১.২.১] অন্যান্য দুগ্ধজাত পণ্য [ঘি, গুড়োদুগ্ধ, দই, ফ্লেভার্ড মিল্ক, মিষ্টি ও অন্যান্য পণ্য]	সমষ্টি	টাকা (কোটি)	২৫	৮০.০০	৯০.০০	৯৫.০০	৮০.০০	৭৫.০০	৬৫.০০	৬০.০০	১০০.০০	১১০.০০
		[১.৩] বিপণের মাধ্যেমে আয় বৃদ্ধি করা।	[১.৩.১] বার্ষিক মুনাফা	সমষ্টি	লক্ষ	১০	১.৫	১.৫	১.৫	১.০	০.৮০	০.৭০	০.৬০	২.০০	২.৫০
[২] মুজিব-বর্ষ কর্মপরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা	১০	[২.১] দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা	[২.১.১] মিল্কভিটার দুগ্ধ ও দুগ্ধ পন্যের টেকসই বিপণন ব্যবস্থাপনার বিষয়ে গবেষনা কার্যক্রম হাতে নেয়া	সমষ্টি	সংখ্যা	২৫	২	২	১						

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাব্যবস্থাপক, বিপণন বিভাগ, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) হিসাবে মহাব্যবস্থাপক, বিপণন বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.... মহাব্যবস্থাপক বিপণন বিভাগ	.... তারিখ
.... ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)	.... তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	বাম্পকুল (BMPCUL)	বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] পাস্তুরিত তরল দুধ বিপণন	[১.১.১] পাস্তুরিত তরল দুধের পরিমাণ	বিপণন বিভাগ ঢাকা দুগ্ধ কারখানা	বিপণন বিভাগের প্রাপ্ত তথ্যের সমষ্টি
[১.২] দুগ্ধজাত পণ্যের বিপণন	[১.২.১] অন্যান্য দুগ্ধজাত পণ্য [ঘি, গুড়োদুগ্ধ, দই, ফ্লেভার্ড মিল্ক, মিষ্টি ও অন্যান্য পণ্য]	বিপণন বিভাগ ঢাকা দুগ্ধ কারখানা	বিপণন বিভাগের প্রাপ্ত তথ্যের সমষ্টি
[১.৩] বিপণেনর মাধ্যেমে আয় বৃদ্ধি করা।	[১.৩.১] বার্ষিক মুনাফা	বিপণন বিভাগ ও অর্থ বিভাগ ঢাকা	বিপণন বিভাগ ও অর্থ বিভাগ হতে প্রাপ্ত তথ্য
[২.১] দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা	[২.১.১] মিল্কভিটার দুগ্ধ ও দুগ্ধ পন্যের টেকসই বিপণন ব্যবস্থাপনার বিষয়ে গবেষনা কার্যক্রম হাতে নেয়া	বিপণন বিভাগ ঢাকা দুগ্ধ কারখানা	বিপণন বিভাগের প্রাপ্ত তথ্যের সমষ্টি

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
দুগ্ধজাত পণ্যের বিপণন	অন্যান্য দুগ্ধজাত পণ্য [ঘি, গুড়োদুগ্ধ, দই, ফ্লেভার্ড মিল্ক, মিষ্টি ও অন্যান্য পণ্য]	বাংলাদেশ নৌ বাহিনী	মিল্কভিটা হতে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের ফলে সাবিক লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে।
পাস্তুরিত তরল দুধ বিপণন	পাস্তুরিত তরল দুধের পরিমাণ	বাংলাদেশ সেনাবাহিনী	মিল্কভিটা হতে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের ফলে সাবিক লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে।
দুগ্ধজাত পণ্যের বিপণন	অন্যান্য দুগ্ধজাত পণ্য [ঘি, গুড়োদুগ্ধ, দই, ফ্লেভার্ড মিল্ক, মিষ্টি ও অন্যান্য পণ্য]	বাংলাদেশ বিমান বাহিনী	মিল্কভিটা হতে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের ফলে সাবিক লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে।

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ